গাংনী শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী পালিত

গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র, ক্রীড়া ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী পালিত হয়েছে।

দিবস পালন উপলক্ষে সকাল সাড়ে পৌণে ১১ টার সময় উপজেলা পরিষদ চত্তরের স্থাপিত শেখ কামালের প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ করা হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, গাংনী থানার তদন্ত অফিসার মনোজিৎ কুমার নন্দী, সাবেক এমপি মকবুল হোসেন, বিশিষ্ট সামাজিক সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, গাংনী উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের প্রতিনিধি মনিরুজ্জামান আতুসহ অন্যান্যরা। পুস্পার্ঘ প্রদান শেষে শেখ কামালের আত্মার মাগফেরাত কামনা করে দোওয়া ও মোনাজাত করা হয়।

পরে উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।